শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

মুজিব শতবর্ষ MUJIB 100

Phone: 09028-75205, E-mail: gmmpbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০২.০০৮.২২. ৫২১১

তারিখ: ০১ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ
১৭/১০/২০২২খ্রি.

" নিয়োগ বিজ্ঞপ্তি "

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত শূন্য পদে (স্থায়ী) ভিত্তিতে লোকবল নিয়োগ/ প্যানেল প্রস্তুতের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী আগ্রহী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	বয়স	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।
০১	ড্রাইভার	০৮/১১/২০২২ খ্রিষ্টাব্দে প্রার্থীর বয়স সবনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৪৫ বছর। (সরকারি নির্দেশনা অনুযায়ী প্রার্থীদের বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণও আবেদন করতে পারবেন।	০২টি (কম/ বেশি হতে পারে)	পবিস বেতন কাঠামো-২০১৬ (Revised) অনুযায়ী ১৬,৬০০/- হতে ৪১,৯৫০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	(ক) আগ্রহী প্রার্থীগণকে সাবলীলভাবে বাংলা পড়তে ও লিখতে সক্ষম হতে হবে। ইংরেজি শব্দ পড়তে ও সংখ্যা গণনা করতে জানতে হবে। সাংকেতিক চিহ্ন বুঝা, প্রতিবেদন ও সময়সূচি পড়ার পর্যাপ্ত সামর্থ্য এবং লগ বই পূরণের সক্ষমতা থাকতে হবে। (খ) যেকোনো সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে ০৫ বছরের গাড়ি চালনা ও রক্ষণাবেক্ষণ কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (যা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গণনা করা হবে)। বিগত ০৩ বছরে বড় ধরনের কোনো দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে । (গ) BRTA কর্তৃক প্রদত্ত বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। তবে BRTA কর্তৃক ইস্যুকৃত তারিখ হতে ড্রাইভিং লাইসেন্সের বয়স নূন্যতম ৫ (পাঁচ) বছর হতে হবে। (ঘ) বাপবিবো/পবিস কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ড্রাইভিং টেস্টে উত্তীর্ণ হতে হবে। (গাড়ী ও যন্ত্রাংশের সাধারণ রক্ষনাবেক্ষণ, ইঞ্জিন ও টিউনআপসহ অন্যান্য কাজ সম্পর্কে ধারনা থাকতে হবে)। (ঙ) পবিস/ বাপবিবোর্ডের অনুমোদিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্য ও দৃষ্টিশক্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (চ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। প্রার্থীর উত্তম/সুঠাম শারীরিক গঠন ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।	বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, ব্রাহ্মনবাড়ীয়া, চাঁদপুর, চাপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, চুয়াডাঙ্গা, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফরিদপুর, ফেনী, গোপালগঞ্জ, হবিগঞ্জ, যশোর, ঝিনাইদহ, জয়পুরহাট, খাগড়াছড়ি, খুলনা, কুষ্টিয়া, লক্ষীপুর, লালমনিরহাট, মাদারীপুর, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, নওগাঁ, নারায়ণগঞ্জ, নাটোর, নীলফামারি, নোয়াখালী, পাবনা, পঞ্চগড়, পটুয়াখালী, পিরোজপুর, রাজশাহী, রাঙ্গামাটি, রংপুর, সাতক্ষীরা, শরিয়তপুর, সুনামগঞ্জ, সিলেট ও ঠাকুরগাঁও জেলার স্থায়ী ঠিকানার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

আবেদন করার পদ্ধতি ও শর্তাবলি:

০১। আবেদনকারীগণকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (**WEB:www.pbs1.mymensingh.gov.bd**) অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট (**WEB:** reb.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং- পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ০৮/১১/২০২২ খ্রিষ্টাব্দে অফিস সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফরম ব্যতীত অন্য কোনো আবেদন ফরমে/ সাদা কাগজে/ টাইপকৃত/ সরাসরি কোনো আবেদনপত্র অথবা উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ শিরোনামে অত্র পবিসের অনুকূলে যেকোনো তফসিলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এবং সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্র, নাগরিক সনদ, চারিত্রিক সনদ ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি।

০৩। হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি এবং অভিজ্ঞতা সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।

০৪। সকল কাগজপত্র ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম, পদবি সম্বলীত সিল থাকতে হবে।

০৫। নির্বাচিত প্রার্থীদের প্রাথমিক অবস্থায় ১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ প্রদান করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্টি সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭এবং ৩০০-২৪ মোতাবেক) শর্তসাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৬। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। অত্র সমিতির ভৌগোলিক এলাকার অর্থাৎ ময়মনসিংহ জেলার সদর এলাকার (অষ্টাধর, কুষ্টিয়া, খাগডহর, দাপুনিয়া), মুক্তাগাছা, ফুলবাড়ীয়া উপজেলা এবং টাংগাইল জেলার মধুপুর, ধনবাড়ী, ঘাটাইল, গোপালপুর ও ভুয়াপুর উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৭। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তাঁর বিরুদ্ধে কোনো প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরি হতে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইননানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সেক্ষেত্রে আবেদন পত্রের সাথে প্রমান স্বরুপ সরকারি সর্বশেষ নির্দেশনা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতি স্বাক্ষরিত সাটিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে সকল ধরনের সরকারি কোটা নীতি অনুসরণ করা হবে।

১০। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/ বদলি/ পদোন্নতির মাধ্যমে কোনো জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১১। নিয়োগ প্রাপ্ত হলে প্রার্থীকে বাংলাদেশের যে কোনো পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরসহ যে কোনো জোনাল অফিস/সাব জোনাল অফিসে চাকুরি করতে সম্মত থাকতে হবে।

১২। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৩। **খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।**

১৪। যেকোনো পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৫। ইতঃপূর্বে কোনো পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী কারও আবেদন করার প্রয়োজন নেই।

১৬। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূল কপি দাখিল করতে হবে।

১৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসক এর নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট (**Dope Test** রিপোর্টসহ) **,** স্বীকৃত চক্ষু বিশেষজ্ঞের নিকট হতে চোখের সুস্থতার সার্টিফিকেট দাখিল করতে হবে।

১৮। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে বা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোনো গরমিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোনো প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোনো অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১৯। প্রতারনা মূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করলে অথবা কোনো তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমানিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকে তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

২০। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

২১। নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আক্তার হোসেন)
জেনারেল ম্যানেজার
ফোন : ০৯০২৮-৭৫২০৫

অনুলিপি:- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতি জন্য)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক,পবিস মানব সম্পদ /পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে.অ.)পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৬। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার --------------------------------পবিস-১/২/৩/৪।
০৮। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৯। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
১০। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, ময়মনসিংহ।
১১। উপজেলা নির্বাহী অফিসার , ---উপজেলা।
১২। ডিজিএম (ফুলবাড়ীয়া, গোপালপুর, ঘাটাইল, মধুপুর, ধনবাড়ী) জো. অ., ময়মনসিংহ পবিস-১ ।
১৩। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/আইটি-১/২), ময়মনসিংহ পবিস-১ ।
১৪। এজিএম (ওএন্ডএম) আছিম/কালীবাড়ী সাব জোনাল অফিস, মপবিস-১।
১৫। সহ. জুনি. ইঞ্জিনিয়ার(আইটি)/জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), মপবিস-১। (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
১৬। নোটিশ বোর্ড, ময়মনসিংহ পবিস-১ ।
১৭। অফিস/মাস্টার কপি ।

(মোঃ আক্তার হোসেন)
জেনারেল ম্যানেজার